



রাকসু নির্বাচনে ভিপি ও এজিএস শিবিরের, জিএসে স্বতন্ত্রের জয়



সংগৃহীত ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনে ভিপি ও এজিএস পদে জয় পেয়েছে ছাত্রশিবির সমর্থিত প্যানেল, আর জিএস পদে জয়ী হয়েছেন স্বতন্ত্র প্রার্থী সালাহউদ্দিন আহম্মার। বৃহস্পতিবার ভোট শেষে শুক্রবার সকালে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করা হয়।

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ ও সিনেটের ছাত্র প্রতিনিধি নির্বাচনের চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হয়েছে। এতে ভিপি (ভাইস প্রেসিডেন্ট) পদে ছাত্রশিবির সমর্থিত প্রার্থী মোস্তাকুর রহমান জাহিদ ১২ হাজার ৬৮৭ ভোট পেয়ে বিজয়ী হন।

জিএস (জেনারেল সেক্রেটারি) পদে ১১ হাজার ৫৩৭ ভোট পেয়ে জয়ী হয়েছেন আধিপত্যবিরোধী এক প্যানেলের স্বতন্ত্র প্রার্থী ও সাবেক সমন্বয়ক সালাহউদ্দিন আহম্মার।

এছাড়া এজিএস (সহ-সাধারণ সম্পাদক) পদে শিবির সমর্থিত প্যানেলের এস এম সালমান সাক্বির ৬ হাজার ৯৭৫ ভোট পেয়ে বিজয়ী হন।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল থেকে বিকেল পর্যন্ত ভোটগ্রহণ শেষে রাতেই ফল গণনা শুরু হয়। পরে শুক্রবার (১৭ অক্টোবর) সকালে প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক এফ নজরুল ইসলাম আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন।

বিস্তারিত আসছে...